# গণতন্ত্রহীনতায় সমাজে বাড়ছে অসহিষ্ণুতা: তারেক রহমান



সংগৃহীত ছবি

তারেক রহমান বলেছেন, দেশে গণতন্ত্রের অনুপস্থিতির কারণে সমাজে অসহিষ্ণুতা বৃদ্ধি পাচ্ছে। তিনি ঘোষণা দেন, বিএনপি ক্ষমতায় এলে পশু-পাখি সুরক্ষা ও জীববৈচিত্র্য রক্ষায় নতুন আইন ও সচেতনতামূলক পদক্ষেপ নেওয়া হবে।

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান মনে করেন, গণতন্ত্র দীর্ঘদিন অনুপস্থিত থাকায় মানুষের মানসিকতায় অসহিষ্ণুতা এবং অস্থিরতা তৈরি হয়েছে।

শনিবার (১৩ সেপ্টেম্বর) বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে অ্যানিমেল ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের উদ্যোগে আয়োজিত প্রাণী প্রদর্শনীতে তিনি বলেন, “আমরা যদি মানুষের অধিকার সুরক্ষিত করতে পারি, তবে পশু-পাখির অধিকার রক্ষাও সহজ হবে।”

তিনি জানান, বিএনপি ক্ষমতায় গেলে পশু-পাখি সুরক্ষায় বিদ্যমান আইন সংশোধন করা হবে এবং জীববৈচিত্র্য রক্ষায় জাতীয় পর্যায়ে কার্যকর পদক্ষেপ নেওয়া হবে। তারেক রহমান আরও বলেন, নাগরিক সচেতনতা ছাড়া আইনের প্রয়োগ সফল হবে না।

LENS ASIA

তার আহ্বান, মানুষের পশুত্ব ত্যাগ করে মানবিকতার চর্চা হোক সবার অঙ্গীকার।